

## ৪ আগস্টের এইচএসসি পরীক্ষা কি হবে? যা জানা গেল

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৬:২০, ৩১ জুলাই ২০২৪



এ পর্যন্ত তিন দফায় ৮ দিনের পরীক্ষা স্থগিত করেছে বোর্ডগুলো

কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সৃষ্ট সহিংসতায় শিক্ষার্থীদের নিরাপত্তার কথা বিবেচনা করে দফায় দফায় চলমান এইচএসসি ও সমমান পরীক্ষা স্থগিত করা হয়। এ পর্যন্ত তিন দফায় ৮ দিনের পরীক্ষা স্থগিত করেছে বোর্ডগুলো। সর্বশেষ দেওয়া বিজ্ঞপ্তিতে ১ আগস্ট পর্যন্ত পরীক্ষা স্থগিত রয়েছে।

এইচএসসি পরীক্ষার সময়সূচি অনুযায়ী এরপর আগামী ৪ আগস্ট পরীক্ষা রয়েছে। ওইদিনের পরীক্ষাও স্থগিত হবে কি না, তা নিয়ে জানতে উদগ্রীব পরীক্ষার্থী ও অভিভাবকরা। তবে শিক্ষা বোর্ডগুলোর সমন্বিত ফোরাম আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি অধ্যাপক তপন কুমার সরকার জানিয়েছেন, এ নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি।

বুধবার (৩১ আগস্ট) দুপুরে গণমাধ্যমকে তিনি এ কথা জানান। অধ্যাপক তপন কুমার সরকার জানান, ‘রোববারের (৪ আগস্ট) পরীক্ষা স্থগিত হবে কি না, এ নিয়ে কোনো সিদ্ধান্ত এখনো হয়নি। শিক্ষা মন্ত্রণালয়ে বিষয়টি জানানো হয়েছে। সেখান থেকে নির্দেশনা এলে চূড়ান্ত সিদ্ধান্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

তবে আগামীকাল বৃহস্পতিবার (১ আগস্ট) শিক্ষা মন্ত্রণালয় থেকে রোববারের পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা আসতে পারে। এর আগে চলমান পরিস্থিতিতে গত ১৮ জুলাইয়ের এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়। এরপর পরিস্থিতি আরও খারাপ হওয়ায় ২১, ২৩ ও ২৫ জুলাইয়ের সব পরীক্ষা স্থগিত করা হয়। তৃতীয় দফায় ২৮ জুলাই থেকে ১ আগস্ট পর্যন্ত সময়সূচি অনুযায়ী যত পরীক্ষা ছিল, তা সব স্থগিত করে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

গত ৩০ জুন এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়। চলতি বছর ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, কারিগরি বোর্ড ও মাদরাসা বোর্ডের অধীনে মোট পরীক্ষার্থী ১৪ লাখ ৫০ হাজার ৭৯০ জন।